তারিখ 14 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

ড্যাফোডিল ইউনিভার্সিটির সমাবর্তন

# শিক্ষকদের আন্দোলন জটিল পর্যায়ে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আন্দোলনের বিষয়টি জটিল পর্যায়ে চলে গেছে। সরকার ও শিক্ষক উভয়পক্ষেই আন্তরিক আলোচনা চলছে। সবার জন্য সম্মানজনক সমাধানের পথ খোঁজা হচ্ছে। কবে সমাধান হবে এর দিনক্ষণ বলা যাচ্ছে না। তবে সর্বোচ্চ চেষ্টা চলছে। গতকাল বুধবার বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) পঞ্চম সমাবর্তনে ইউনিভার্সিটির চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে অংশ নিয়ে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, নিজস্ব ক্যাম্পাস ছাড়া অন্যত্র কার্যক্রম পরিচালনাকারী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরের জন্য ইতিমধ্যে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

ঢাকার সাভারে আশুলিয়ায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে আয়োজিত সমাবর্তনে আরও বক্তব্য রাখেন সমাবর্তন বক্তা মালয়েশিয়ার পারলিস প্রদেশের ক্রাউন প্রিন্স ও ইউনিভার্সিটি মালয়েশিয়া পারলিসের চ্যান্সেলর টংকু সৈয়দ ফয়জুদ্দিন পুত্রা ইবনে টংকু সৈয়দ সিরাজুদ্দিন জামালুল্লাই, ডিআইইউ ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ইউসুফ মাহবুবুল ইসলাম এবং ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মো. সবুর খান।

শিক্ষামন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে সম্ভাবনাময় উচ্চশিক্ষা খাত হিসেবে উল্লেখ করে বলেন, অনেক বিদেশিও এসব বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছেন। তিনি বলেন, বর্তমানে বাংলাদেশে বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এক হাজার ৬৩০ জন বিদেশি শিক্ষার্থী অধ্যয়ন করছেন। ডিআইইউ থেকে ২৫০-এর অধিক বিদেশি ডিগ্রি অর্জন করেছেন উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ আশা প্রকাশ করেন, বিশ্ববিদ্যালয়টি উন্নত তথ্যপ্রযুক্তিগত শিক্ষা প্রসারের মাধ্যমে আন্তর্জাতিক মানের দক্ষ জনশক্তি তৈরি করে দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সমাবর্তনে তিন হাজার ৬৮৩ নবীন গ্র্যাজুয়েট শিক্ষামন্ত্রীর কাছ থেকে সনদ গ্রহণ করেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী কৃতিত্বপূর্ণ ফল অর্জনকারী ১৫ গ্র্যাজুয়েটকে স্বর্ণপদক প্রদান করেন। অনুষ্ঠানের শুরুতে মন্ত্রী সমাবর্তন শোভাযাত্রার নেতৃত্ব দেন।